

[বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ১-৪-২০০৩ ইং তারিখে প্রকাশিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ই চৈত্র ১৪০৯/০১শে মার্চ ২০০৩

এস,আর, ও নং ৮৮-আইন/২০০৩।- বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১নং আইন) এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত বিধিমালায়-

(ক) বিধি ৪ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৪ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“৪। স্বাস্থ্য হানিকর ও পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া সৃষ্টিকারী মোটরযান সম্পর্কিত ব্যবস্থা।- (১) আইনের ধারা ৬ এর উদ্দেশ্য পূরণকল্পে, পেট্রোল, ডিজেল বা গ্যাস চালিত প্রতিটি মোটরযানে (motor vehicle) ক্যাটালাইটিক কনভার্টার বা অক্সিডেশন ক্যাটালিস্ট বা ডিজেল পার্টিকুলেট ফিল্টার বা মহা-পরিচালক কর্তৃক অনুমোদিত এমন কোন যন্ত্র বা কৌশল সংযোজন করিতে হইবে যেন উক্ত যান হইতে নিঃসরণের মানমাত্রা তফসিল-৬ এ বর্ণিত মানমাত্রা অতিক্রম না করে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত যন্ত্রপাতি সংযোজন না করিয়া কোন মোটরযান চালানো হইলে উহাকে স্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া সৃষ্টিকারী যানবাহন বলিয়া গণ্য করা হইবে এবং তৎজন্য উক্ত যানের মালিক বা চালক বা যথাযথ ক্ষেত্রে উভয়েই আইনের ধারা ১৫(১) এর টেবিলের ক্রমিক নং ৩ এর বিপরীতে উল্লিখিত দণ্ডে দণ্ডনীয় হইবেন।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত দণ্ড আরোপ করা হইলে উহা মহা-পরিচালক কর্তৃক নির্দেশিত আকারে ও তৎকর্তৃক নির্ধারিত মেয়াদের জন্য সংশ্লিষ্ট মোটরযানের দৃশ্যমান কোন অংশে বা মহা-পরিচালক কর্তৃক নির্ধারিত কোন দিলে সংক্ষিপ্ত আকারে লিপিবদ্ধ বা, ক্ষেত্রমত, প্রদর্শন করিতে হইবে।”

(খ) বিধি ৭ক এবং ৭খ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৭ক ও ৭খ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“৭ক। দুষণ নিয়ন্ত্রণাধীন সনদ।- বিধি ৪ এর উপ-বিধি (১) এ উল্লিখিত যন্ত্রপাতি সংযোজনের এবং Motor Vehicles Ordinance, 1983 (LV of 1983) এর অধীন বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি কর্তৃক রেজিস্ট্রেশন প্রদান ও ফিটনেস সার্টিফিকেট জারী বা, ক্ষেত্রমত, নবায়নের ২ (দুই) মাসের মধ্যে মোটরযানের মালিক ফরম ৪ মোতাবেক মহা-পরিচালকের নিকট হইতে “দুষণ নিয়ন্ত্রণাধীন সনদ” সংগ্রহ করিবে।

৭খ। পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া নিয়ন্ত্রক যন্ত্রপাতি আমদানী ও বাজারজাতকরণের শর্ত।- বিধি ৪(১) এ উল্লিখিত যন্ত্রপাতি আমদানী বা বাজারজাত করিবার পূর্বে আমদানীকারক বা, ক্ষেত্রমত, বাজারজাতকারী উক্ত যন্ত্রপাতি প্রদর্শনীর মাধ্যমে উহার কার্যকরতা প্রমাণ সাপেক্ষে মহা-পরিচালকের নিকট হইতে লিখিত অনুমোদন গ্রহণ করিবেন।”

রাষ্ট্রপতির আদেশক্রমে,

সাবিহউদ্দিন আহমেদ
সচিব।